



ইরানের অবকাঠামোতে হামলার হুমকি যুদ্ধপরাধ: ইউরোপীয় কাউন্সিল



আন্তোনিও কস্তা। ছবি: সংগৃহীত

ইরানের বেসামরিক অবকাঠামো লক্ষ্য করে হামলার হুমকি আন্তর্জাতিক আইনের লঙ্ঘন এবং তা যুদ্ধাপরাধ হিসেবে গণ্য হতে পারে বলে সতর্ক করেছেন ইউরোপীয় কাউন্সিলের প্রেসিডেন্ট আন্তোনিও কস্তা। পলিটিকোর প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

সোমবার (৬ এপ্রিল) দেওয়া এক বিবৃতিতে তিনি বলেন, বিদ্যুৎকেন্দ্র ও অন্যান্য বেসামরিক স্থাপনায় আঘাত করা আন্তর্জাতিক আইনের পরিপন্থী এবং কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। তাঁর মতে, এ নিয়ম শুধু ইউক্রেন-রাশিয়া যুদ্ধেই নয়, বিশ্বের সব সংঘাতের ক্ষেত্রেই সমানভাবে প্রযোজ্য।

কস্তা আরও বলেন, ইরানের সাধারণ মানুষই বর্তমান পরিস্থিতির সবচেয়ে বড় ভুক্তভোগী। সংঘাত বাড়লে ক্ষতির মাত্রা আরও ভয়াবহ হবে। তিনি জোর দিয়ে বলেন, মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনার একমাত্র কার্যকর সমাধান কূটনৈতিক আলোচনার মাধ্যমে সম্ভব।

এর আগে সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সামাজিক মাধ্যমে হুঁশিয়ারি দিয়ে বলেন, ইরানের বিদ্যুৎকেন্দ্র ও সেতুতে হামলা হতে পারে এবং হরমুজ প্রণালি খুলে না দিলে কঠোর পদক্ষেপ নেওয়া হবে।

এ বিষয়ে আন্তর্জাতিক আইন বিশেষজ্ঞরা বলছেন, বেসামরিক স্থাপনায় ইচ্ছাকৃত আঘাত আন্তর্জাতিক আইন অনুযায়ী নিষিদ্ধ। অন্যদিকে হোয়াইট হাউস জানিয়েছে, যুক্তরাষ্ট্র সবসময় আইন মেনে পদক্ষেপ নেয়।

এদিকে কস্তা সাম্প্রতিক সময়ে ইরান, ইসরায়েল, সংযুক্ত আরব আমিরাত ও পাকিস্তানের শীর্ষ নেতাদের সঙ্গে কথা বলে উত্তেজনা কমানো এবং কূটনৈতিক সমাধানের উদ্যোগ নিয়েছেন।